সূত্র নং- ২/২২/১১০/ ৫৪০৬ তারিখ: ১৪-০২-২০১৯

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ফেব্রুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ১৪-০২-২০১৯
সভার স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ।
সময়ঃ বিকাল ৪:০০ ঘটিকা।
সভার সভাপতিঃ জনাব মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) এবং ইনোভেশন অফিসার।

সভায় কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

নং	নাম ও পদবী	মহাবিভাগ/বিভাগ/উপ-বিভাগ
১	জনাব মো: আব্দুর রহিম, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
২	জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ
৩	মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট	কম্পিউটার উপ-বিভাগ

০১। ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী ও বর্তমান সভার আলোচ্য সূচী পাঠ করা হয়।

আলোচ্য সূচি-০১: জানুয়ারী-২০১৮ এর ইনোভেশন টিমের মাসিক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি।

নং	সিদ্ধান্ত	অগ্রগতি
১	ব্যাংকের অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি চাহিদা অনুযায়ী এবং নির্ধারিত সময় অর্থাৎ এপ্রিল-২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি ব্যাংকের নিজস্ব রিসোর্স ব্যবহার করে এবং কম্পিউটার উপ-বিভাগের সার্বিক সহযোগিতায় তৈরীর কাজ প্রারম্ভিক চাহিদা অনুযায়ী শেষ পর্যায়ে রয়েছে।
২	এপ্রিল-২০১৯ এর মধ্যে ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা সম্পন্ন করতে হবে।	ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা যথাসময়ে সম্পন্নের লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহন করা হয়েছে।
৩	মন্ত্রিপরিষদ বিভাগে ২১ সেপ্টেম্বর ২০১৭ এ অনুষ্ঠিত নাগরিক সেবায়, উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভার (২য় রাউন্ড) কার্যবিবরণীর আলোকে ব্যাংকের সার্বিক ইনোভেশন কার্যক্রম পরিচালনা করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যাংকের সার্বিক ইনোভেশন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
৪	দ্রুততম সময়ে একটি দুইদিন ব্যাপী ইনোভেশন এবং একটি দুই দিনের TOT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে A2I এর সাথে যোগাযোগ করে পত্র প্রেরণ করতে হবে এবং তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করতে হবে।	ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণের জন্য ট্রেনিং ইনস্টিটিউট এর মাধ্যমে A2I এর সাথে বারবার যোগাযোগ করা হলেও প্রশিক্ষণের জন্য কোন তারিখ পাওয়া যায়নি। A2I কর্তৃক উক্ত প্রশিক্ষণের জন্য চুড়ান্ত তারিখ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে।
৫	SIP এবং উদ্ভাবনী পরিকল্পনার আহবান করে পুনরায় প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক এবং শাখা কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে	SIP এবং উদ্ভাবনী পরিকল্পনার আহবান করে পত্র প্রেরণ করা হয়েছে।
৬	ইনোভেশন সংক্রান্ত পরিকল্পনা যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রনোদনা প্রদান সংক্রান্ত একটি খসড়া নীতিমালা কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	ইনোভেশন সংক্রান্ত পরিকল্পনা যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রনোদনা প্রদান সংক্রান্ত একটি খসড়া নীতিমালা তৈরীর কাজ চলমান আছে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জানুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

নং	সিদ্ধান্ত	অগ্রগতি
৭	ইনোভেশন সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন তৈরী এবং তা মন্ত্রণালয়ে অবহিত করা।	ইনোভেশন সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রেরিত ছক অনুযায়ী তথ্য পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।
৮	ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে প্রদর্শন, ইনোভেশন কর্নার হালনাগাদকরণ।	ইনোভেশন সংক্রান্ত সভার নোটিশ, সভার কার্যবিবরনী ও এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ব্যাংকের ওয়েব সাইটে হালনাগাদ করা হয়েছে।

আলোচ্য সূচি-০২: আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রকাশিতব্য ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন পুস্তিকা প্রকাশের নিমিত্ত ব্যাংকের উদ্ভাবনী আইডিয়ার তথ্য প্রেরণ প্রসঙ্গে আলোচনা।

আলোচনা: মন্ত্রীপরিষদ বিভাগের নির্দেশনা এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সার্বিক তত্ত্বাবধানে পরিচালিত ২০১৮-১৯ এর ইনোভেশন কার্যক্রম সমূহ পুস্তিকা আকারে প্রকাশের উদ্যোগ গ্রহন করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগে সার্বিক সহযোগিতায় পুস্তিকাটি প্রকাশ করা হবে। এ লক্ষ্যে ইতোমধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী আইডিয়া নির্ধারিত ছকে প্রেরণ করা হয়েছে। সিস্টেম এনালিস্ট কর্তৃক সভায় অবহিত করা হয় যে, পুস্তিকায় প্রকাশের জন্য অত্র ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছর উদ্ভাবনী আইডিয়া **"অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম"** সফটওয়্যার এর তথ্য নির্ধারিত ছকে পূরণ করে ইতোমধ্যে প্রেরণ করা হয়েছে। আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ১৭ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত মাসিক সভায় পুস্তিকায় প্রকাশিতব্য তথ্য পুনরায় প্রয়োজনীয় পরিবর্ধন ও পরিমার্জন করে প্রেরণের নির্দেশনা প্রদান করা হয়েছে। উক্ত নির্দেষনা অনুযায়ী ইনোভেশন টিমের সদস্য ও ব্যাংকের সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ হাসান মাহমুদ কর্তৃক পুস্তিকা প্রকাশের জন্য প্রেরিত ডকুমেন্ট প্রয়োজনীয় পরিবর্ধন ও পরিমার্জন করে সভায় তা উপস্থাপন করেন। কমিটির সদস্যবৃন্দ এবং সভাপতি মহোদয় উক্ত ডকুমেন্ট বিষয়ে সন্তোষ প্রকাশ করেন এবং ই-মেইলের মাধ্যমে আগামী ১৮ ফেব্রুয়ারি ২০১৯ এর মধ্যে তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের সিদ্ধান্ত প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- কম্পিউটার উপ-বিভাগ কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরের আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে প্রকাশিতব্য পুস্তিকায় অত্র ব্যাংকের উদ্ভাবনী আইডিয়ার চুড়ান্ত ডকুমেন্টস ই-মেইলের মাধ্যমে প্রেরণ করতে হবে।

আলোচ্য সূচি-০৩: উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে একদিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেশন আয়োজন প্রসংগে।

আলোচনা: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ণ কাঠামোর ৩নং অনুচ্ছেদ এর ৩.১.১ উপ-অনুচ্ছেদের আলোকে বর্তমান অর্থবছরে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৩টি একদিনের ওরিয়েন্টেশন/কর্মশালা/সেমিনার আয়োজনের লক্ষ্য নির্ধারিত আছে যাতে সূচকের মান রয়েছে ৩। ইতোমধ্যে ২৬ জানুয়ারি ২০১৯ তারিখ ব্যাংকের প্রধান কার্যালয়ের বোর্ড রুমে ২৫ জন কর্মকর্তার অংশগ্রহনে উদ্ভাবনী সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দিনব্যাপী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। বর্তমান অর্থ বছরে আরো ২টি একদিন ব্যাপী কর্মশালা আয়োজনের বিষয়ে ট্রেনিং ইনস্টিটিউট অধ্যক্ষ কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, সম্ভাব্য ২৫ ও ২৬ ফেব্রুয়ারি ২টি দিনব্যাপী ইনোভেশন ওরিয়েন্টেশন কর্মশালা আয়োজনের বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করা হয়েছে। সভাপতি মহোদয় নির্ধারিত সময়ে উক্ত কর্মশালা আয়োজনের বিষয়ে নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- ব্যাংকের ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে আগামী ২৫ ও ২৬ ফেব্রুয়ারি ২০১৯ তারিখে ২টি একদিন ব্যাপী ইনোভেশন ওরিয়েন্টেশন কর্মশালা আয়োজন করতে হবে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ফেব্রুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-০৪: উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২দিনের ইনোভেশন প্রশিক্ষন আয়োজন প্রসংগে। ।

আলোচনা: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩০ জানুয়ারি ২০১৯ তারিখে ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ২০১৮-১৯ অর্থ বছরের ৭ম মাসিক সভার কার্যবিবরনীর ৯ নং অনুচ্ছেদ এ অত্র ব্যাংকের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় গৃহীত সিদ্ধান্ত নিম্নরুপঃ

> "ফেব্রুয়ারি ১৯ এর মধ্যে ০২(দুই) দিনের মেন্টরিং প্রশিক্ষণ সম্পন্ন এবং ইনসেনটিভ, উদ্ভাবকদের দেশে/বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ ও সমঝোতা স্মারকে স্বাক্ষরের উদ্যোগ নিতে হবে"।

সভাপতি মহোদয় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিদ্ধান্ত সমূহ অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। ট্রেনিং ইনস্টিটিউট অধ্যক্ষ কর্তৃক সভাকে অবহিত কর হয় যে, দুই দিনের ইনোভেশন প্রশিক্ষনের জন্য ইতোমধ্যে A2I এর নিকট পত্র প্রেরণ করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুলিপি প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ

- A2I এর সাথে ট্রেনিং ইনস্টিটিউটের মাধ্যমে নিয়মিতভাবে ফোনালাপ, ই-মেইলের মাধ্যমে যোগাযোগ অব্যহত রেখে দুই দিনের ইনোভেশন প্রশিক্ষন সম্পন্নের ব্যবস্থা করতে হবে।
- বিকল্প হিসেবে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে দুই দিনের ইনোভেশন প্রশিক্ষন প্রদানের জন্য রিসোর্স পার্সন মনোনয়ন চেয়ে পত্র দেয়া যেতে পারে।

আলোচ্য সূচি-০৫: ইনোভেশন সংক্রান্ত ৫দিন ব্যাপী প্রশিক্ষণের বিষয়ে আলোচনা।

আলোচনা: সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকে জনবল স্বল্পতার কারনে ইতোপূর্বে মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (MRA) ও বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM) প্রতিষ্ঠানদ্বয়ের সথে একত্রে অত্র ব্যাংকের ইনোভেশন সংক্রান্ত ০৫ দিনের কর্মশালা আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়। এর আলোকে MRA (মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি) ও BICM (বাংলাদেশ ইনস্টিটিউট অব ক্যাপিটাল মার্কেট) এর সংশ্লিষ্ট প্রতিনিধির সাথে আলোচনা করা হয়। বিগত ১৭ ফ্রেব্রুয়ারি ২০১৯ তারিখে অনুষ্ঠিত আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৮ম মাসিক সভায় SDF (সোশ্যাল ডেভেলপমেন্ট ফাউন্ডেশন) এর প্রতিনিধির মাধ্যমে জানা যায় যে, আগামী ২৮ ফেব্রুয়ারি ২০১৯ তারিখ SDF এর নিজস্ব ভেন্যুতে ও ব্যবস্থাপনায় ০৫ দিনের কর্মশালা অনুষ্ঠিত হতে যাচ্ছে। উক্ত কর্মশালায় অত্র ব্যাংক সহ BICM ও MRA প্রতিষ্ঠানের প্রতিনিধি নেয়ার বিষয়ে আলোচনা করা হয়। সভাপতি মহোদয় এ বিষয়ে SDF সহ অন্যান্য দুটি প্রতিষ্ঠানের সাথে নিয়মিত যোগাযোগ করার নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- কম্পিউটার উপ-বিভাগ কর্তৃক SDF এর সাথে ৫ দিনের ইনোভেশন প্রশিক্ষন আয়োজনের বিষয়ে যোগাযোগ করতে হবে।
- SDF এর সাথে প্রশিক্ষন করা সম্ভব না হলে BICM ও MRA সাথে যৌথভাবে ৫ দিনের প্রশিক্ষন আয়োজনের উদ্যোগ নিতে হবে।

আলোচ্য সূচি-০৬: উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাদের দেশে/বিদেশে শিক্ষা সফরে প্রেরণ প্রসংগে।

আলোচনা: মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ণ কাঠামোর ৩নং অনুচ্ছেদ এর ৩.৪.১ উপ-অনুচ্ছেদের আলোকে বর্তমান অর্থবছরে উদ্ভাবন কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত কর্মকর্তাগণের বিদেশে শিক্ষা সফরে প্রেরণের লক্ষ্য নির্ধারিত আছে যাতে সূচকের মান রয়েছে ২। উক্ত বিষয়ে আলোচনায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, বিদেশে শিক্ষা সফরে যাওয়া সম্ভব না হলেও দেশের বিভিন্ন ঐতিহাসিক স্থানে উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত (উদ্ভাবক/মেন্টর/মেন্টি/ইনোভেশন টিমের সদস্য) কর্মকর্তাদের প্রেরণ করা যেতে পারে। এক্ষেত্রে কর্মকর্তা মনোনয়ন ও স্থান নির্ধারন পূর্বক ট্রেনিং ইনস্টিটিউটর কর্তৃক ব্যবস্থাপনা কর্তৃপক্ষের যথাযথ অনুমোদন গ্রহন করে জুন ২০১৯ এর মধ্যে শিক্ষা সফর সম্পন্ন করতে হবে।

সিদ্ধান্তঃ

- দেশের বিভিন্ন ঐতিহাসিক স্থানে উদ্ভাবন কার্যক্রমের সংগে সম্পৃক্ত কর্মকর্তাদের শিক্ষা সফরে প্রেরণ করতে হবে।
- শিক্ষা সফরের জন্য কর্মকর্তা মনোনয়ন এবং ঐতিহাসিক স্থান নির্ধারন করে ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক যথাযথ অনুমোদন গ্রহন করতে হবে।
- নির্ধারিত সময় (জুন-২০১৯) এর মধ্যে শিক্ষা সফর সম্পন্ন করতে হবে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ফেব্রুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-০৭: উদ্ভাবনী উদ্যোগ আহবান, যাচাই-বাছাই সংক্রান্ত কার্যক্রম প্রসংগে আলোচনা।

আলোচনা: সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম সম্প্রসারনের উদ্দেশ্যে ইতোমধ্যে মাঠ পর্যায়ে ১৮টি ইনোভেশন টিম গঠন করা হয়েছে। মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনা এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিদ্ধান্তের আলোকে সময়ে সময়ে মাঠ পর্যায়ে ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন নির্দেশনা প্রেরণ করা হয়েছে। ব্যাংকের ওয়েবসাইটে ইনোভেশন সংক্রান্ত বিভিন্ন নির্দেশনা আপলোড করা হয়েছে। এ পর্যন্ত ৪টি ব্যাচে প্রায় ১১৫ জন কর্মকর্তাদের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। তথাপিও মাঠ পর্যায় থেকে কোন উদ্ভাবনী আইডিয়া পাওয়া যায়নি। ট্রেনিং ইনস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক পুনরায় টার্গেট নির্ধারনপূর্বক পত্র প্রেরণের বিষয়ে মত প্রকাশ করেন। সভাপতি মহোদয় পুনরায় উদ্ভাবনী আইডিয়া চেয়ে পত্র প্রেরণের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- উদ্ভাবনী আইডিয়া পাওয়া সাপেক্ষে ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় তা যাচাই বাছাই করার জন্য উপস্থাপন করতে হবে।

আলোচ্য সূচি-০৮: দুই দিনের মেন্টরিং কর্মশালা আয়োজন প্রসংগে আলোচনা।

আলোচনা: আর্থিক প্রতিষ্ঠান বিভাগের ৩০ জানুয়ারি ২০১৯ তারিখে ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ২০১৮-১৯ অর্থ বছরের ৭ম মাসিক সভার কার্যবিবরনীর ৯ নং অনুচ্ছেদ এ অত্র ব্যাংকের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনায় গৃহীত সিদ্ধান্ত নিম্নরুপঃ

"ফেব্রুয়ারি ১৯ এর মধ্যে ০২(দুই) দিনের মেন্টরিং প্রশিক্ষণ সম্পন্ন এবং ইনসেনটিভ, উদ্ভাবকদের দেশে/বিদেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ/নলেজ শেয়ারিং প্রোগ্রামে প্রেরণ ও সমঝোতা স্মারকে স্বাক্ষরের উদ্যোগ নিতে হবে"।

সভাপতি মহোদয় আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সিদ্ধান্ত সমূহ অগ্রাধিকার ভিত্তিতে সম্পন্নের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নির্দেশনা প্রদান করেন। ট্রেনিং ইনস্টিটিউট অধ্যক্ষ কর্তৃক সভাকে অবহিত কর হয় যে, দুই দিনের মেন্টরিং প্রশিক্ষণ প্রশিক্ষনের জন্য ইতোমধ্যে A2I এর নিকট পত্র প্রেরণ করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে অনুলিপি প্রেরণ করা হয়েছে।

সিদ্ধান্তঃ

- ট্রেনিং ইনস্টিটিউট কর্তৃক A2I এর নিকট দুই দিন ব্যাপী মেন্টরিং কর্মশালা আয়োজনের জন্য পত্র প্রেরণ করতে হবে এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অনুলিপি প্রেরণ করতে হবে।

আলোচ্য সূচি-০৯: ইনোভেশন খাতে বাজেট বরাদ্দ প্রসংগে আলোচনা।

আলোচনা: সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ২০১৮-১৯ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ইনোভেশন খাতে বরাদ্দের পরিমান ৪০ লক্ষ টাকা। এ পর্যন্ত ব্যয়ের পরিমান নির্ধারন এবং জুন পর্যন্ত আনুমানিক ব্যয়ের বিবরনী প্রস্তুত করে সংশোধিত বাজেটে এর জন্য প্রয়োজনীয় বাজেট নির্ধারন করতে হবে।

সিদ্ধান্তঃ

- ২০১৭-১৮ ও ২০১৮-১৯ অর্থবছরে ইনোভেশন খাতে বাজেট অনুযায়ী ব্যয় বিবরনী প্রস্তুত করতে হবে। ইনোভেশন টিমের পরবর্তী মাসিক সভায় প্রস্তুতকৃত বিবরনী উপস্থাপন করতে হবে।
- সংশোধিত বাজেটে ইনোভেশন খাতে প্রয়োজনীয় বাজেট বরাদ্দের আবেদন করতে হবে।

আলোচ্য সূচি-১০: তথ্য বাতায়নে ইনোভেশন সংক্রান্ত তথ্য হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা।

আলোচনা: সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ব্যাংকের ওয়েবসাইটে ইনোভেশন কার্যক্রমের বিভিন্ন তথ্য আপলোড করা হয়। অতি সম্প্রতি A2I এর সহযোগীতায় জাতীয় তথ্য বাতায়নে ব্যাংকের তথ্য সংযুক্ত করা হয়েছে। বর্তমানে ব্যাংকের তথ্য বাতায়ন হালানাগাদকরণের কাজ চলমান আছে। হালনাগাদ সম্পন্ন হলে নিয়মিতভাবে তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারে ইনোভেশন সংক্রান্ত ত্যথ আপলোড করা হবে।

সিদ্ধান্তঃ

- ব্যাংকের তথ্য বাতায়ন কম্পিউটার উপ-বিভাগ কর্তৃক নিয়মিতভাবে ইনোভেশন কর্ণার হালানাগাদ রাখতে হবে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ফেব্রুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-১১: ব্যাংকের বার্ষিক ইনোভেশন কার্যক্রমের আওতায় বাস্তবায়িত উদ্ভাবনী আইডিয়া সমূহের উদ্ভাবকদের প্রশংসাসূচক সনদ, ক্রেস্ট ও পুরস্কার প্রদান প্রসংগে।

আলোচনা: মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের সার্বিক তত্ত্বাবধানে অত্র ব্যাংকের ইনোভেশন কার্যক্রম পরিচালিত হয়। মন্ত্রি পরিষদ বিভাগ কর্তৃক নির্ধারিত উদ্ভাবন কর্মপরিকল্পনা ও অগ্রগতি মূল্যায়ণ কাঠামো ২০১৮-১৯ এর উল্লেখিত প্রতিটি কার্যক্রম নির্ধারিত সময়সীমার মধ্যে সম্পাদন করে মাসিকভিত্তিতে আর্থিক প্রতিষ্ঠানি বিভাগকে নির্ধারিত ছকে তা প্রেরণ করা হয়। ব্যাংকের প্রধান কার্যালয়ে মহাব্যবস্থাপক মহোদয়কে ইনোভেশন অফিসার করে ৪ সদস্য বিশিষ্ট ইনোভেশন টিম এবং আঞ্চলিক ব্যবস্থাপকের সভাপতি করে ১৮টি আঞ্চলিক/মাঠ পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের মাধ্যমে এ কার্যক্রম অব্যহত আছে। নাগরিক সেবায় জনবান্ধবতার নিয়ামক (TCV) ও সেবা গ্রহীতার প্রেক্ষিতে অনুধাবন, সেবায় উদ্ভাবনী ধারনা সৃজন ৩.২ নং উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন ও মূল্যায়ণ নির্দেশিকা-২০১৫ এর অনুচ্ছেদ ৩.২.২ উপ অনুচ্ছেদে উল্লেখিত দাপ্তরিক অভ্যন্তরিন কর্মপরিকল্পনার আলোকে ইতোমধ্যে উদ্ভাবিত আইডিয়া সমূহের তালিকা নিম্নরুপঃ

ক্রঃ নং	উদ্ভাবনী আইডিয়ার নাম	সময়কাল	বর্তমান অবস্থা	উদ্ভাবকের নাম, পদবী
১	কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার	২০১৬-১৭	বাস্তবায়িত বর্তমানে প্রধান কার্যালয়ে কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগ সফটওয়্যার ব্যবহার করছে।	মোহাম্মদ হাসান মাহমুদ
২	অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার	২০১৭-১৮	বাস্তবায়িত ব্যাংকের সকল শাখা থেকে ব্যবহার করা হচ্ছে	"
৩	অনলাইন প্রশিক্ষন ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার	২০১৭-১৮	বাস্তবায়িত প্রশিক্ষন ইনস্টিটিউট কর্তৃক ব্যবহৃত হচ্ছে	তৌহিদ মোহাম্মদ শোয়েব
৪	অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার	২০১৮-১৯	বাস্তবায়িত পরীক্ষামূলকভাবে কম্পিউটার উপ-বিভাগে চালু করা হয়েছে	এ.এইচ.এম সাইফুল হক

১১.২। বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন কাঠামোর ৯.১.১ এ উল্লেখিত কার্যক্রম "উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র/ক্রেস্ট/পুরস্কার প্রদান" এর কর্ম সম্পাদন সূচকে নির্ধারিত সংখ্যা ৫। ২০১৮-১৯ অর্থ বছরে বর্ণিত তালিকা অনুযায়ী উদ্ভাবকদের পুরস্কার প্রদান করা যেতে পারে। সভায় সর্ব সম্মতিক্রমে উদ্ভাবকদের প্রশংসাসূচক সনদপত্র, ক্রেস্ট ও পুরস্কার প্রদানের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

- ২০১৬-১৭ অর্থবছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় বাস্তবায়িত অনলাইন কর্মী ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি উদ্ভাবন এবং সম্পূর্ন নিজ উদ্যোগে বাস্তবায়নের জন্য এবং TCV কমিয়ে কর্মী ব্যবস্থাপনা উপ-বিভাগের কাজ সহজীকরণের জন্য উক্ত সফটওয়্যারের উদ্ভাবক জসাব মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট কে পুরস্কার হিসেবে ১টি ট্যাব, ১টি ক্রেস্ট ও প্রশংসাসূচক সনদপত্র প্রদান করা যেতে পারে।
- ২০১৭-১৮ অর্থবছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় বাস্তবায়িত অনলাইন প্রশিক্ষণ ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি উদ্ভাবন ও সম্পূর্ন নিজ উদ্যোগে বাস্তবায়ন এবং TCV কমিয়ে ব্যাংকের প্রশিক্ষন ইনিস্টিটিউট সফটওয়্যারটি ব্যবহার করছে। উক্ত সফটওয়্যার উদ্ভাবক জনাব তৌহিদ মোহাম্মদ শোয়েব, প্রোগ্রামার কে পুরস্কার হিসেবে ১টি ট্যাব, ১টি ক্রেস্ট ও প্রশংসা সূচক সনদপত্র প্রদান করা যেতে পারে।
- ২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনার আওতায় বাস্তবায়িত অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি উদ্ভাবন ও সম্পূর্ন নিজ উদ্যোগে বাস্তবায়ন এবং TCV কমিয়ে ব্যাংকের সকল দপ্তরে সফটওয়্যারটি ব্যবহার করছে। উক্ত সফটওয়্যার উদ্ভাবক জনাব এ.এইচ.এম সাইফুল হক, ডাটা এন্ট্রি অপারেটর কে পুরস্কার হিসেবে ১টি ট্যাব, ১টি ক্রেস্ট ও প্রশংসা সূচক সনদপত্র প্রদান করা যেতে পারে।
- ব্যাংকের ২০১৮-১৯ এর ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন বরাদ্দকৃত বাজেট৩০ লক্ষ টাকা থেকে উক্ত ব্যয় সংস্থান করা হবে।
- ব্যাংকের পরবরর্তী সময়ে অনুষ্ঠিত কর্মশালায় ব্যবস্থাপনা কর্তৃপক্ষ কর্তৃক বর্ণিত পুরস্কার প্রদান করা যেতে পারে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত ফেব্রুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-১২: সেবা পদ্ধতি সহজীকরণ ও ই-সেবা তৈরী প্রসংগে আলোচনা।

আলোচনা: সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, সেবা পদ্ধতি সহজীকরণ বিষয়ে ব্যাংকের প্রধান কার্যালয়ের উপ-বিভাগ প্রধানদের সমন্বয়ে গঠিত কমিটি সিটিজেন চার্টারের আলোকে ৩টি সেবা পদ্ধতি সহজীকরণের বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন। উক্ত সেবা পদ্ধতি সমূহের তালিকা ইতোমধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে। ই-সেবার আওতায় শেয়ার হোল্ডার শেয়ার সংক্রান্ত সেবা আরো দ্রুত ও কার্যকর করার উদ্যোগ গ্রহন করা হয়েছে।
সিদ্ধান্তঃ

- নির্ধারিত সময়ে ই-সেবা তৈরী ও বাস্তবায়ন করতে হবে। নির্ধারিত সময়ে সেবা পদ্ধতি সহজীকরণ করতে হবে।

আলোচ্য সূচি-১৩: অনলাইন বিল ম্যানেজমেন্টট সিস্টেম সফটওয়্যার অগ্রগতি বিষয়ে আলোচনা।

আলোচনা: ২০১৮-১৯ অর্থবছরে উদ্ভাবনী কর্মপরিকল্পনার আলোকে কম্পিউটার উপ-বিভাগের ডেটা এন্ট্রি অপারেটর জনাব এ.এইচ.এম সাইফুল হক কর্তৃক উদ্ভাবিত অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটির ৭৫% কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। আগামী ২৮ ফেব্রুয়ারির মধ্যে প্রয়োজনীয় রিপোর্ট সংযোজন পূর্বক সফটওয়্যারটি কম্পিউটার উপ-বিভাগে প্রাথমিকভাবে চালু করা হবে। সফলভাবে পরীক্ষা সম্পন্ন শেষে প্রয়োজনীয় পরিবর্তন করে তা জুন-২০১৯ এর মধ্যে ব্যাংকের প্রধান কার্যালয়ে চালু করা হবে। পরবর্তীতে ব্যাংকের সকল শাখা ও আঞ্চলিক কার্যালয়ের ব্যবস্থাপকগণ সফটওয়্যারটি উন্মুক্ত করা হবে। উদ্ভাবক নিজেই সফটওয়্যারটি প্রস্তুত করায় প্রাথমিকভাবে কোন ব্যয় না হলেও পরবর্তীতে SMS বান্ডেল ক্রয়, ক্লাউড সার্ভার পরিচালনা এবং রক্ষনাবেক্ষনের জন্য ব্যয় হবে। কমিটির সদস্য জনাব আব্দুর রহিম কর্তৃক উক্ত সফটওয়্যারটিতে কর্মকর্তাদের ভ্রমনবিল, প্রশিক্ষন বিল ইত্যাদি সংযোজন করা যায় কিনা তা জানতে চাইলে সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, সফটওয়্যারটির প্রাথমিক পর্যায়ে এ সুযোগ না থাকলেও পর্যায়ক্রমে তা অন্তর্ভুক্ত করা যেতে পারে।
সিদ্ধান্তঃ

- অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে হবে।
- অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি পরিচালন ব্যয় নির্ধারন করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেস এনালিস্ট
কম্পিউটার উপ-বিভাগ
ও সদস্য সচিব ইনোভেশন টিম

মো: মিজানুর রহমান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

মো: আব্দুর রহিম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
ও
সদস্য ইনোভেশন টিম

মো: মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
প্রশান ও অপারেশন মহা-বিভাগ
এবং
ইনোভেশন অফিসার

বিতরনঃ

- মহাব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সিনিয়র প্রিন্সিপাল অফিসার, শাখা নিয়ন্ত্রন উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অধ্যক্ষ, ট্রেনিং ইন্সটিটিউট, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্র নং- ২/২২/১১০/ তারিখ: ২২-০১-২০১৯

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জানুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ২২-০১-২০১৯
সভার স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ।
সময়ঃ বিকাল ৪:০০ ঘটিকা।
সভার সভাপতিঃ জনাব মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) এবং ইনোভেশন অফিসার।

সভায় কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

নং	নাম ও পদবী	সদর/বিভাগ/বিভাগ/উপ-বিভাগ
১	জনাব মোঃ সাঈদুর রহমান, সহকারী মহাব্যবস্থাপক	ট্রেনিং ইনস্টিটিউট ও মানব সম্পদ উন্নয়ন উপ-বিভাগ
২	জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ
৩	মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট	কম্পিউটার উপ-বিভাগ

০১। ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (অপারেশন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী ও বর্তমান সভার আলোচ্য সূচী পাঠ করা হয়।

আলোচ্য সূচি-০১: ডিসেম্বর-২০১৮ এর ইনোভেশন টিমের মাসিক সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি।

নং	সিদ্ধান্ত	অগ্রগতি
১	ব্যাংকের অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি চাহিদা অনুযায়ী এবং নির্ধারিত সময় অর্থাৎ এপ্রিল-২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি ব্যাংকের নিজস্ব রিসোর্স ব্যবহার করে এবং কম্পিউটার উপ-বিভাগের সার্বিক সহযোগিতায় তৈরীর কাজ প্রারম্ভিক চাহিদা অনুযায়ী শেষ পর্যায়ে রয়েছে।
২	এপ্রিল-২০১৯ এর মধ্যে ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা সম্পন্ন করতে হবে।	ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা যথাসময়ে সম্পন্নের লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহন করা হয়েছে।
৩	মন্ত্রিপরিষদ বিভাগে ২১ সেপ্টেম্বর ২০১৭ এ অনুষ্ঠিত নাগরিক সেবায়, উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভার (২য় রাউন্ড) কার্যবিবরণীর আলোকে ব্যাংকের সার্বিক ইনোভেশন কার্যক্রম পরিচালনা করতে হবে।	মন্ত্রিপরিষদ বিভাগ এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্দেশনা অনুযায়ী ব্যাংকের সার্বিক ইনোভেশন কার্যক্রম পরিচালনা করা হচ্ছে।
৪	দ্রুততম সময়ে একটি দুইদিন ব্যাপী ইনোভেশন এবং একটি দুই দিনের TOT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে A2I এর সাথে যোগাযোগ করে পত্র প্রেরণ করতে হবে এবং তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করতে হবে।	ইনোভেশন সংক্রান্ত দুই দিনের প্রশিক্ষণের জন্য ট্রেনিং ইনস্টিটিউট এর মাধ্যমে A2I এর সাথে বারবার যোগাযোগ করা হলেও প্রশিক্ষণের জন্য কোন তারিখ পাওয়া যায়নি। A2I কর্তৃক উক্ত প্রশিক্ষণের জন্য চুড়ান্ত তারিখ পাওয়া সাপেক্ষে প্রশিক্ষণার্থী নির্বাচন করা হবে।
৫	SIP এবং উদ্ভাবনী পরিকল্পনার আহবান করে পুনরায় প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক এবং শাখা কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে	SIP এবং উদ্ভাবনী পরিকল্পনার আহবান করে পত্র প্রেরণ করা হয়েছে।
৬	ইনোভেশন সংক্রান্ত পরিকল্পনা যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রনোদনা প্রদান সংক্রান্ত একটি খসড়া নীতিমালা কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	ইনোভেশন সংক্রান্ত পরিকল্পনা যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রনোদনা প্রদান সংক্রান্ত একটি খসড়া নীতিমালা তৈরীর কাজ চলমান আছে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জানুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

নং	সিদ্ধান্ত	অগ্রগতি
৭	ইনোভেশন সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন তৈরী এবং তা মন্ত্রণালয়ে অবহিত করা।	ইনোভেশন সংক্রান্ত মাসিক সভার প্রতিবেদন আর্থিক প্রতিষ্ঠান বিভাগের প্রেরিত ছক অনুযায়ী তথ্য পূরণ করে নির্ধারিত তারিখের মধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করা হয়েছে।
৮	ইনোভেশন সংক্রান্ত যাবতীয় তথ্য ওয়েবসাইটে প্রদর্শন, ইনোভেশন কর্নার হালনাগাদকরণ।	ইনোভেশন সংক্রান্ত সভার নোটিশ, সভার কার্যবিবরনী ও এ সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য ব্যাংকের ওয়েব সাইটে হালনাগাদ করা হয়েছে।

আলোচ্য সূচি-০২: কর্মপরিকল্পনা অনুযায়ী ব্যাংকের ২০১৮-১৯ সালের বাস্তবায়নাধীণ ইনোভেশন সংক্রান্ত কার্যক্রমের অগ্রগতি বিষয়ে আলোচনা।

আলোচনা: ব্যাংকের ২০১৮-১৯ সালের বাস্তবায়নাধীণ ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা অগ্রগতি বিষয়ে সদস্য সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে ইনোভেশন কর্মপরিকল্পনার সার্বিক অগ্রগতি ৭০% অর্জিত হয়েছে।

ব্যাংকের নিজস্ব রিসোর্স (উদ্ভাবক কর্তৃক) ব্যবহার করে এবং কম্পিউটার উপ-বিভাগ এর কারিগরী সহায়তায় অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যার তৈরীর কাজ চলমান রয়েছে। সভাপতি মহোদয় কর্তৃক ব্যাংকের চাহিদা অনুযায়ী সকল ফিচার সংযোজন করা হয়েছে কিনা এবং প্রয়োজনীয় সকল পরীক্ষা-নীরিক্ষা সম্পন্ন করে আর্থিক প্রতিষ্ঠান বিভাগের নির্ধারিত সময়ের সফটওয়্যারটি তৈরীর কাজ সম্পন্নের নির্দেশনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- ব্যাংকের নিজস্ব ব্যবস্থাপনায় অনলাইন বিল ব্যবস্থাপনা সিস্টেম সফটওয়্যারটি নির্ধারিত সময় অর্থাৎ এপ্রিল-২০১৯ এর মধ্যে সম্পন্ন করতে হবে।
- এপ্রিল-২০১৯ এর মধ্যে ব্যাংকের ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত বার্ষিক কর্মপরিকল্পনা সম্পন্ন করতে হবে।
- মন্ত্রিপরিষদ বিভাগে ২১ সেপ্টেম্বর ২০১৭ এ অনুষ্ঠিত নাগরিক সেবায়, উদ্ভাবনী কর্মকান্ডের অগ্রগতি পর্যালোচনা/সমন্বয় সভার (২য় রাউন্ড) কার্যবিবরণীর আলোকে ব্যাংকের সার্বিক ইনোভেশন কার্যক্রম পরিচালনা করতে হবে।

আলোচ্য সূচি-০৩: ইনোভেশন সংক্রান্ত ৫দিন ব্যাপী প্রশিক্ষণের বিষয়ে আলোচনা।

আলোচনা: ইনোভেশন সংক্রান্ত দুইদিন ব্যাপী এবং পাঁচদিন ব্যাপী প্রশিক্ষণ বিষয়ে আলোচনায় সভায় সদস্য সচিব কর্তৃক অবহিত করা হয় যে, বর্তমান অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত কোন প্রশিক্ষণ না হওয়ায় আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক ইনোভেশন সংক্রান্ত পর্যালোচনা সভায় দ্রুততম সময়ে ইনোভেশন প্রশিক্ষণ আয়োজনের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়েছে। সভায় সভাপতি মহোদয় এ বিষয়ে একটি দুই দিনের ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণ এবং পাঁচ দিন ব্যাপী ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষণের পরিবর্তে একটি দুই দিনের TOT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণের জন্য ট্রেনিং ইনস্টিটিউটকে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে মত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ

- দ্রুততম সময়ে একটি দুই দিন ব্যাপী ইনোভেশন এবং একটি দুই দিনের TOT প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহনের লক্ষ্যে A2I এর সাথে যোগাযোগ করে পত্র প্রেরণ করতে হবে এবং তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগকে অবহিত করতে হবে।

আলোচ্য সূচি-০৪: ব্যাংকের প্রধান কার্যালয় এবং মাঠ পর্যায় থেকে SIP (Small Improvement Project) সংগ্রহের বিষয়ে আলোচনা।

আলোচনা: ব্যাংকের SIP (Small Improvement Project) তালিকা প্রনয়নের উদ্দ্যেশে ইতোমধ্যে প্রধান কার্যালয়সহ আঞ্চলিক ও শাখা কার্যালয়ে পত্র প্রেরণ করা হয়েছে বলে সদস্যসচিব কর্তৃক সভাকে অবহিত করা হয়। উক্ত পত্রের নির্ধারিত তারিখ অতিবাহিত হলেও কোন SIP না পাওয়ায় সভাপতি মহোদয় কর্তৃক অসন্তোষ প্রকাশ করা হয়। সদস্য সচিব কর্তৃক আরো অবহিত করা হয় যে, ইতোপূর্বে ইনোভেটিভ আইডিয়া প্রেরণের জন্য ০৯-০৭-২০১৭ এবং ০৩-০৮-২০১৭ তারিখ দুটি পত্র প্রেরণ করা হলেও কোন উদ্ভাবনী পরিকল্পনা পাওয়া যায়নি। এমতাবস্থায়, ব্যাংকের ইনোভেশন কার্যক্রম আরো বেগবান করার লক্ষ্যে সামগ্রিক বিষয়ে গুরুত্বারোপ করে পুনরায় উক্ত বিষয়ের আলোকে পত্র প্রেরণের ব্যাপারে সভায় একমত পোষণ করা হয়।

সিদ্ধান্তঃ

- SIP এবং উদ্ভাবনী পরিকল্পনার আহবান করে পুনরায় প্রধান কার্যালয়সহ সকল আঞ্চলিক এবং শাখা কার্যালয়ে পত্র প্রেরণ করতে হবে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জানুয়ারী-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-০৫: ইনোভেশন সংক্রান্ত কাজে প্রনোদনা প্রদানের নীতিমালা প্রণয়ন বিষয়ে আলোচনা।

আলোচনা: ইনোভেশন সংক্রান্ত প্রনোদনা প্রদান বিষয়ে বর্তমানে কোন নীতিমালা নেই এবং আর্থিক প্রতিষ্ঠান বিভাগ থেকেও কোন গাইডলাইন না থাকায় এ সংক্রান্ত আইডিয়া মূল্যায়ন এবং যথাযথভাবে প্রনোদনা প্রদানের লক্ষ্যে একটি নীতিমালা থাকা বাঞ্ছনীয়। সভায় এ বিষয়ে একটি খসড়া নীতিমালা প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপনের বিষয়ে একমত পোষণ করা হয়।

সিদ্ধান্তঃ

- ইনোভেশন সংক্রান্ত পরিকল্পনা যাচাই-বাছাই, মূল্যায়ন এবং প্রনোদনা প্রদান সংক্রান্ত একটি খসড়া নীতিমালা কমিটির সদস্যবৃন্দ কর্তৃক প্রস্তুত করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেস এনালিস্ট
ও
সদস্য সচিব ইনোভেশন টিম

মো: মিজানুর রহমান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ

মো: সাঈদুর রহমান,
সহকারী মহাব্যবস্থাপক
অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
ও
সদস্য ইনোভেশন টিম

মো: মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
প্রশান ও অপারেশন মহা-বিভাগ
এবং
ইনোভেশন অফিসার

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

সূত্র নং- ২/২২/১১০/ তারিখ: ২০-০৬-২০১৯

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জুন-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

সভার তারিখঃ ১৭-০৬-২০১৯
সভার স্থানঃ ইনোভেশন অফিসারের অফিস কক্ষ।
সময়ঃ বিকাল ৩:০০ ঘটিকা।
সভার সভাপতিঃ জনাব মোঃ মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) এবং ইনোভেশন অফিসার।

সভায় কমিটির নিম্নোক্ত কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন:

নং	নাম ও পদবী	মহাবিভাগ/বিভাগ/উপ-বিভাগ
১	জনাব মো: আব্দুর রহিম, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
২	জনাব মোঃ মিজানুর রহমান, সিনিয়র প্রিন্সিপাল অফিসার	শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ
৩	মোহাম্মদ হাসান মাহমুদ, সিস্টেম এনালিস্ট	কম্পিউটার উপ-বিভাগ

০১। ইনোভেশন টিমের সভাপতি ও মহাব্যবস্থাপক (প্রশাসন ও অপারেশন) মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী ও বর্তমান সভার আলোচ্য সূচী পাঠ করা হয়।

আলোচ্য সূচি-০১: ব্যাংকের ২০১৮-১৯ সালের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি বিষয়ে আলোচনা।

আলোচনাঃ সভার সদস্য সচিব কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনা বাস্তবায়নের সার্বিক অগ্রগতি হার ৯০%। তিনি সভাকে আরো অবহিত করেন যে, উদ্ভাবন কর্মপরিকল্পনার বার্ষিক অগ্রগতি মূল্যায়ন কাঠামোর প্রায় সব সূচকেই পূর্ণ মান পাওয়া সম্ভব হয়েছে। তবে উদ্ভাবনের সাথে সম্পৃক্তদের বিদেশ প্রশিক্ষনের বিষয়ে আর্থিক প্রতিষ্ঠান বিভাগে নামের তালিকা প্রেরণ করা হলেও অদ্যাবধি আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক তা বাস্তবায়ন করতে পারেনি। এমতাবস্থায় উক্ত সূচকটি ছাড়া ইনোভেশনের সার্বিক কার্যক্রমের অগ্রগতি ভাল হওয়ায় সভাপতি মহোদয় সন্তোষ প্রকাশ করেন। সভাপতি মহোদয় ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনার যে সকল সূচকে পয়েন্ট কম এসেছে পরবর্তী বছরে সে বিষয়ে আরো কার্যকরী পদক্ষেপ গ্রহনের বিষয়ে মত প্রকাশ করেন।

সিদ্ধান্তঃ

- নির্ধারিত সময়ের মধ্যে ২০১৮-১৯ বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মূল্যায়ন করে তা আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরণ করতে হবে।
- ২০১৮-১৯ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনার যে সকল সূচকে পয়েন্ট কম এসেছে পরবর্তী বছরে সে বিষয়ে আরো কার্যকরী পদক্ষেপ গ্রহন করতে হবে।

আলোচ্য সূচি-০২: ব্যাংকের ২০১৯-২০ অর্থবছরের ইনোভেশন কর্মপরিকল্পনা প্রনয়ন প্রসংগে আলোচনা

আলোচনাঃ সভার সদস্যসচিব সিস্টেম এনালিস্ট জনাব মোহাম্মদ হাসান মাহমুদ কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে বিগত ২৬-০৫-২০১৯ তারিখে নতুন অর্থবছরের জন্য ব্যাংকের ইনোভেশন পরিকল্পনা এবং ক্ষুদ্র উদ্ভাবনী প্রকল্প (SIP) আহবান করে অফিস আদেশ জারী করা হয়েছে। আগামী ২০ জুন ২০১৯ উদ্ভাবনী আইডিয়া প্রেরণের সর্বশেষ তারিখ নির্ধারন করা হয়েছে। উক্ত সময়ের মধ্যে প্রাপ্ত আইডিয়া সমূহ পরবর্তী সভায় উপস্থাপন করা যেতে পারে। নির্ধারিত সময়ে কোন আইডিয়া পাওয়া না গেলে পুনরায় পত্র প্রেরণের বিষয়ে সভায় একমত পোষন করা হয়। সভাপতি মহোদয় উদ্ভাবনী আইডিয়া প্রেরণের জন্য মাঠ পর্যায়কে আরো সম্পৃক্ত করার বিষয়ে সিদ্ধান্ত প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- ২০১৯-২০ অর্থবছরের জন্য প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া সমূহ ইনোভেশন কমিটির পরবর্তী মাসিক সভায় উপস্থাপন করতে হবে।
- নির্ধারিত সময়ে কোন উদ্ভাবনী আইডিয়া ও SIP পাওয়া না গেলে পুনরায় অফিস আদেশ জারী করতে হবে।
- ইনোভেশন সংক্রান্ত কাজে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের সম্পৃক্ত করার প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে হবে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জুন-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-০৩: ২০১৯-২০ অর্থবছরের ইনোভেশন সংক্রান্ত কর্মপরিকল্পনার জন্য প্রস্তাবিত উদ্ভাবনী আইডিয়া নিয়ে আলোচনা

আলোচনাঃ সিস্টেম এনালিস্ট কর্তৃক সভাকে ২০১৯-২০ এর উদ্ভাবনী আইডিয়া হিসেবে "Loan Case managment System" নামক সফটওয়্যার বিষয়ে ধারনা প্রদান করেন। তিনি সভাকে অবহিত করেন যে, ব্যাংকের ব্যবহৃত CBS এ ঋণ অনুমোদন সাপেক্ষে ঋণ বিতরন ও পরবর্তীতে আদায় কার্যক্রম সমূহ অন্তর্ভুক্ত আছে।

কিন্তু একজন আনসার সদস্য ঋণ নেবার ইচ্ছা পোষন করা থেকে ঋন মঞ্জুর সময়কাল পর্যন্ত যে সকল ধাপ রয়েছে তা অটোমেশনের মাধ্যমে সহজীকরন করা সম্ভব। এক্ষেত্রে একজন সদস্য অনলাইনে আবেদন ফরম পুরন এবং মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে প্রয়োজনীয় ফি প্রদানের মাধ্যমে অনলাইন ঋণ আবেদন দাখিল করতে পারবে। দাখিলের পূর্বে প্রয়োজনীয় তথ্য প্রদানের মাধ্যমে তিনি ঋণ পাওয়ার যোগ্য কিনা তা যাচাই করতে পারবেন।

ঋণ আবেদনটি শাখা ব্যবস্থাপক কর্তৃক প্রয়োজনীয় যাচাই বাছাইয়ের শেষে অনুমোদনের জন্য প্রেরণ করবে। যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ঋণ আবদেনটি মঞ্জুর হলে তাৎক্ষনিকভাবে SMS এর মাধ্যমে ঋণ আবেদনকারীকে অবহিত করা হবে। সম্পূর্ণ প্রক্রিয়াটি বর্তমানে সম্পন্ন হতে যে সময় লাগে তার চেয়ে অনেক কম সময়ে অটোমেশনের মাধ্যমে সম্পন্ন করা সম্ভব হবে।

ট্রেনিং ইন্সিটিটিউট অধ্যক্ষ কর্তৃক **"লোন কেইস ম্যানেজমেন্ট সিস্টেম"** সফটওয়্যারটি বর্তমানে ব্যাংকের জন্য খুবই প্রয়োজন বলে মত প্রকাশ করেন। তিনি আরো উল্লেখ করেন যে প্রবাসী কল্যাণ ব্যাংক ইতোমধ্যে এই সেবাটি সম্পূর্ন অনলাইন ভিত্তিক করেছে। ব্যাংকের বর্তমান জনবল ইতোমধ্যে অনলাইন শেয়ার ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার, CBS সফটওয়্যার চালনায় পারদর্শী হওয়ায় Online Loan Case Managment বাস্তবায়ন করা কষ্টসাধ্য হবে না। এক্ষেত্রে উক্ত উদ্ভাবনী আইডিয়া বাস্তবায়নের জন্য অভিজ্ঞ সফটওয়্যার প্রস্তুতকারী প্রতিষ্ঠানের সহায়তা নেবার বিষয়ে সভায় সর্ব সম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। যেহেতু উদ্ভাবনী আইডিয়া হিসেবে কমপক্ষে ২টি আইডিয়া গ্রহন করতে হয় সেহেতু অন্য আইডিয়া হিসেবে সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মিজানুর রহমান কর্তৃক প্রস্তাবিত "Deposit Accounts Managment System" বিষয়ে ধারনা প্রদান করেন।

সিদ্ধান্তঃ

- ২০১৯-২০ অর্থবছরে ইনোভেশন পরিকল্পনা হিসেবে Online Loan Case Managment System সফটওয়্যারটি বাস্তবায়ন করা যেতে পারে।
- অভিজ্ঞ সফটওয়্যার প্রস্তুতকারক প্রতিষ্ঠানের সহায়তায় Online Loan Case Managment System সফটওয়্যারটি প্রস্তুত করতে হবে।
- পরবর্তী সভায় Online Loan Case Managment System এর ফিচার সমূহ উপস্থাপন করতে হবে।
- পরবর্তী সভায় Deposit Accounts Managment System ধারনাটি বিস্তারিতভাবে উপস্থাপন করতে হবে।

আলোচ্য সূচি-০৪: বিষয়ঃ প্রধান কার্যালয় থেকে প্রাপ্ত উদ্ভাবনী আইডিয়া নিয়ে আলোচনা

আলোচনাঃ প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রীম উপ-বিভাগের সিনিয়র অফিসার মোঃ জয়নুল আবেদীন কর্তৃক একটি উদ্ভাবনী আইডিয়া ইনোভেশন অফিসার বরাবর প্রেরিত হয়েছে। সভায় উক্ত উদ্ভবনী আইডিয়া **"সমন্বিত ঋণ নীতিমালা-২০১৯"** নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উক্ত আইডিয়া বিশ্লেষনে দেখা যায় যে সমন্বিত ঋণ নীতিমালার কারনে ব্যাংকের কর্মকর্তাগণের ঋণ নিয়মাচার বিষয়ে সম্মুখ ধারনা পোষন করায় ঋণ আবেদনকারীকে যথাযথ গাইড লাইন দেয়ার কারনে ঋণ আবেদনকারী শাখায় পরিদর্শন কমানো সম্ভব ফলে বাংকের ব্যয় সাশ্রয় হবে। উদ্যোগটির মধ্যে নতুনত্ব থাকায় নতুন যোগদানকৃত কর্মকর্তাদের ঋণ কার্যক্রম পরিচালনা সহজ হবে। সভায় উক্ত উদ্ভাবনী আইডিয়াটি সঠিকভাবে ব্যবহারের মাধ্যমে সেবা সহজীকরণ সম্ভব হবে বলে একমত পোষন করা হয়।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জুন-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

সিদ্ধান্তঃ

- "সমন্বিত ঋণ নীতিমালা-২০১৯" উদ্ভাবনী আইডিয়াটি মাঠ পর্যায়ে জারীকরণ এবং ব্যাংকের ওয়েবসাইটে আপলোড করার মাধ্যমে সেবা সহজীকরণের ব্যবস্থা গ্রহন করতে হবে।
- উদ্ভাবক প্রধান কার্যালয়ের ঋণ ও অগ্রীম উপ-বিভাগের সিনিয়র অফিসার মোঃ জয়নুল আবেদীনকে উক্ত উদ্ভাবনী আইডিয়া প্রনয়ন এবং তা সফলভাবে বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদান করার ব্যবস্থা গ্রহন করতে হবে।
- প্রনোদনা হিসেবে একটি সনদ ও একটি ট্যাব প্রদান করা যেতে পারে।
- ব্যাংকের ২০১৮-১৯ এর ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন খাতে বরাদ্দকৃত বাজেট ৩০ লক্ষ টাকা থেকে উক্ত ব্যয় সংকুলান করা হবে।
- পরবর্তী মাসিক সভায় এ বিষয়টি নিশ্চিত করতে হবে।

আলোচ্য সূচি-০৫: মাঠ পর্যায় থেকে প্রাপ্ত ক্ষুদ্র উন্নয়ন পরিকল্পনা (SIP) নিয়ে আলোচনা

আলোচনাঃ আঞ্চলিক ব্যবস্থাপক, বরিশাল ও সহকারী মহাব্যবস্থাপক জনাব এম জাফর মিয়া কর্তৃক ২০১৮-১৯ অর্থবছরের জন্য একটি ক্ষুদ্র উদ্ভাবনী প্রকল্প (SIP) পাওয়া গিয়েছে। সভায় উক্ত আইডিয়াটি উপস্থাপন করা হলে সভায় সদস্যবৃন্দ কর্তৃক SIP টি যাচাই বাছাই করা হয়। "e-Formatting" নামক উক্ত আইডিয়াটি বিশ্লেষনে দেখা যায় যে, ব্যাংকের বিভিন্ন কাজে ব্যবহৃত ফরম সমূহ মুদ্রন ও সরবরাহ করার ক্ষেত্রে যথেষ্ট সময় ও ব্যয় হয়। উক্ত ফরম সমূহের ডিজিটাল কপি ব্যাংকের ওয়েবসাইটে আপলোডকরণের মাধ্যমে তা সহজেই যেকোন স্থান থেকে ডাউনলোড করে ব্যবহার করা যায়। এতে উক্ত ফরম সমূহ মুদ্রনের ব্যয় অনুমোদন থেকে দরপত্র আহবান ও ক্রয় পরবর্তী কার্য সম্পাদন পূর্বক বিল প্রদান প্রক্রিয়ার কোন প্রয়োজনীয়তা নেই। সভায় সর্বসম্মতি ক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যে, **"ই-ফরমস"** উদ্ভাবনী আইডিয়াটি SIP হিসেবে বাস্তবায়িত হলে ব্যাংকের অনেক ব্যয় সাশ্রয় হবে এবং উক্ত কাজে কর্মঘন্টা ব্যয় কম হবে।

সিদ্ধান্তঃ

- প্রাপ্ত SIP বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহন করতে হলে ব্যাংকের প্রধান কার্যালয়ের সকল উপ-বিভাগ এর সমন্বয়ে একটি সভা করতে হবে।
- সভায় সকল উপ-বিভাগ সহ সাধারন সেবা উপ-বিভাগ কর্তৃক যে সকল ফরম মূদ্রন করা হয় তা উপস্থাপন করতে হবে।
- বিদ্যমান ফরম সমূহে কোন পরিবর্তন করায় প্রয়োজনীতা আছে কিনা তা যাচাই করতে হবে।
- যে সকল ফরম ওয়েবসাইটে আপলোড করার উপযুক্ত তা সনাক্ত করে তার ডিজিটাল ফরম্যাট প্রস্তুত করতে হবে।
- সাধারন সেবা উপ-বিভাগ কর্তৃক এ বিষয়ে অফিস আদেশ জারী করতে হবে।
- উদ্ভাবনী আইডিয়া প্রদানকারী কর্মকর্তা আঞ্চলিক ব্যবস্থাপক, বরিশাল ও সহকারী মহাব্যবস্থাপক জনাব এম জাফর মিয়া-কে প্রনোদনা দেবার ব্যবস্থা করতে হবে।
- প্রনোদনা হিসেবে একটি সনদ ও একটি ট্যাব প্রদান করা যেতে পারে।
- ব্যাংকের ২০১৮-১৯ এর ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন খাতে বরাদ্দকৃত বাজেট ৩০ লক্ষ টাকা থেকে উক্ত ব্যয় সংকুলান করা হবে।
- পরবর্তী মাসিক সভায় এ বিষয়টি নিশ্চিত করতে হবে।

আলোচ্য সূচি-০৬: ব্যাংকের মাঠ পর্যায়ে গঠিত ইনোভেশন টিমের কাজের অগ্রগতি বিষয়ে আলোচনা

আলোচনাঃ ব্যাংকের মাঠ পর্যায়ে ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নের নিমিত্তে ১৮জন অঞ্চল প্রধানকে সভাপতি করে ১৮টি ইনোভেশন টিম গঠন করা হয়েছিল। মন্ত্রী পরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী মাঠ পর্যায়ে নিয়মিত সভা করণের মাধ্যমে উদ্ভাবনী আইডিয়া গ্রহন, যাচাই-বাছাইকরণ এবং ব্যাংকের ইনোভেশন টিমকে এ সংক্রান্ত কাজে সহায়তার উদ্দেশ্য নিয়ে গঠিত উক্ত টিম সমূহ নানাবিধ কারনে তাদের কাজ যথাযথভাবে সম্পন্ন করতে পারছেনা। বিষয়টি সভায় উপস্থাপন করা হলে সভার সদস্য ট্রেনিং ইনস্টিটিউটের অধ্যক্ষ জনাব মোঃ আব্দুর রহিম কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের বিভিন্ন সময় বদলী হওয়ায় মাঠ পর্যায়ে ইনোভেশন টিম পুনগঠন করা প্রয়োজন এবং ইনোভেশন টিমের কর্মপরিধি পুনরায় উল্লেখ করে পত্র প্রেরণ করা যেতে পারে। সভাপতি মহোদয় উক্ত বিষয়ে একমত পোষন করেন।

সিদ্ধান্তঃ

- মাঠ পর্যায়ে ইনোভেশন টিম পুনগঠন করার পত্র প্রেরণ করতে হবে।
- প্রেরিত পত্রে ইনোভেশন টিমের কর্মপরিধি বিস্তারিতভাবে উল্লেখ করতে হবে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জুন-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

আলোচ্য সূচি-০৭: মেন্টরিং কার্যক্রমের অগ্রগতি নিয়ে আলোচনা

আলোচনাঃ আলোচ্য ইনোভেশন টিমের সদস্য ও মেন্টর সিনিয়র প্রিন্সিপাল অফিসার জনাব মোঃ মিজানুর রহমান সভাকে অবহিত করেন যে, আর্থিক প্রতিষ্ঠান বিভাগে প্রেরিত মেন্টিদের নিকট থেকে এ পর্যন্ত দুটি উদ্ভাবনী আইডিয়া পাওয়া গেছে। অবশিষ্ট দের নিকট থেকে কোন আইডিয়া পাওয়া যায়নি। প্রাপ্ত দুটি আইডিয়া ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। ইতোমধ্যে মেন্টিদের প্রধান কার্যালয়ে প্রয়োজনীয় প্রশিক্ষন প্রদান করা হয়েছে। কিন্ত আশানুরুপ অগ্রগতি না হওয়ায় সভাপতি মহোদয় অসন্তোষ প্রকাশ করেন। এ বিষয়ে সভা একমত পোষন করেন যে, বর্তমানে মেন্টি তালিকা পুনমূল্যায়ন করা প্রয়োজন। এক্ষেত্রে উদ্ভাবনী আইডিয়া প্রদানকারীকে মেন্টির তালিকাভুক্ত করতে হবে।

সিদ্ধান্তঃ মেন্টির তালিকা পুনমূল্যায়ন করতে হবে। ইনোভেশনের সুত্রানুযায়ী উদ্ভাবনী আইডিয়া প্রদানকারীকে মেন্টির তালিকাভুক্ত করতে হবে।

আলোচ্য সূচি-০৮: ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষন বিষয়ে আলোচনা

আলোচনাঃ ট্রেনিং ইনিস্টিটিউটের অধ্যক্ষ কর্তৃক সভাকে অবহিত করা হয় যে, ২০১৮-১৯ অর্থ বছরে তিনটি ৩দিন ব্যাপী ইনোভেশন কর্মশালা, একটি ২দিন ব্যাপী ইনোভেশন প্রশিক্ষন এবং একটি ৫দিন ব্যাপী প্রশিক্ষন কর্মশালা আয়োজন করা হয়েছে। A2I এর সহায়তায় ব্যাংকের প্রধান কার্যালয়ে এবং বাংলাদেশ ইন্সুরেন্স একাডেমীতে কর্মকর্তা প্রেরণের মাধ্যমে উক্ত প্রশিক্ষন সম্পন্ন করা হয়েছে। সভাপতি মহোদয় অত্র অর্থ বছরের পরিকল্পনা অনুযায়ী ইনোভেশন প্রশিক্ষন সম্পন্ন করায় ট্রেনিং ইন্সিটিটিউট অধ্যক্ষকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সিদ্ধান্তঃ

- ২০১৯-২০ অর্থবছরে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষন সময়সূচী নির্ধারন করতে হবে।
- ইনোভেশন প্রশিক্ষনের জন্য কর্মকর্তা-কর্মচারী মনোনয়নের তালিকা প্রনয়ন করতে হবে।
- ২/৫দিন ব্যাপী ইনোভেশন প্রশিক্ষনের জন্য A2I এর সাথে নিয়মিত যোগাযোগ রাখতে হবে।
- ডিসেম্বর-২০১৯ এর মধ্যে ইনোভেশন সংক্রান্ত প্রশিক্ষন কার্যক্রম সম্পন্নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে হবে।

আলোচ্য সূচি-০৯: ইনোভেশন সংক্রান্ত ২০১৮-১৯ অর্থবছরে প্রয়োজনীয় ব্যয় প্রভিশন করা প্রসংগে আলোচনা

আলোচনাঃ ৩০ জুন ২০১৯ এর বার্ষিক হিসাব সমাপনীতে ইনোভেশন খাতের ব্যয় প্রভিশন করার বিষয়ে সভাকে অবহিত করা হয় যে, ইতোমধ্যে প্রশিক্ষন সংক্রান্ত সকল বিল অনুমোদন ও প্রদান করা হয়েছে। উদ্ভাবকদের প্রনোদনা প্রদানের বিল অনুমোদন ও প্রদান করা হয়েছে। তবে অদ্য সভায় দুটি উদ্ভাবনী আইডিয়া প্রদানকারী কর্মকর্তাকে প্রণোদনা প্রদানের বিষয়টি অনুমোদিত হওয়ায় উক্ত কাজের প্রয়োজনীয় ব্যয় বর্তমান অর্থ বছরে প্রভিশন করতে হবে।

সিদ্ধান্তঃ ২০১৮-১৯ অর্থ বছরে ইনোভেশন খাতে দুইজন উদ্ভাবককে প্রনোদনা প্রদানের জন্য ৬০ হাজার টাকা প্রভিশন করতে হবে।

আলোচ্য সূচি-১৩: বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যার পাইলটিং প্রসঙ্গে আলোচনা।

আলোচনা: ২০১৮-১৯ অর্থবছরে ইনোভেশন কর্মপরিকল্পনা আওতায় কম্পিউটার বিভাগে কর্মরত ডাটা এন্ট্রি অপারেটর জনাব এ এইচ এম সাইফুল হক কর্তৃক উদ্ভাবিত অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি প্রস্তুত করা হয়েছে। ইতোমধ্যে আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক আয়োজিত ইনোভেশন শোকেসিং এ উক্ত আইডিয়া প্রদর্শন করা হয়েছে। এছাড়া আর্থিক প্রতিষ্ঠান বিভাগ কর্তৃক প্রকাশিত ২০১৮-১৯ এর ইনোভেশন সংক্রান্ত পত্রিকায় প্রকাশিত হয়েছে। সভার সদস্য সিস্টেম এনালিস্ট কর্তৃক সভা কে অবহিত করা হয় যে উক্ত সফটওয়্যারটি কম্পিউটার উপ-বিভাগে বর্তমানে ব্যবহৃত হচ্ছে। ট্রেনিং ইনস্টিটিউট এর অধ্যক্ষ কর্তৃক সভা কে অবহিত করা হয় যে প্রধান কার্যালয়ের সকল উপ-বিভাগে সফটওয়্যারটি পাইলটিং শুরু করা যেতে পারে।

সিদ্ধান্ত:

- অনলাইন বিল ম্যানেজমেন্ট সিস্টেম সফটওয়্যারটি প্রধান কার্যালয়ের সকল উপ-বিভাগে পাইলিং করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- সফটওয়্যারটি ব্যবহারের উপর দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন করা যেতে পারে।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd

বিষয়ঃ ব্যাংকের ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহনে অনুষ্ঠিত জুন-২০১৯ এর মাসিক সভার কার্যবিবরণী।

০২। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২০/০৬/১৯
মোহাম্মদ হাসান মাহমুদ
সিস্টেস এনালিস্ট
কম্পিউটার উপ-বিভাগ
ও সদস্য সচিব ইনোভেশন টিম

২০.০৬.১৯
মো: মিজানুর রহমান
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
শাখা নিয়ন্ত্রণ উপ-বিভাগ
ও সদস্য ইনোভেশন টিম

২০/৬/১৯
মো: আব্দুর রহিম
সিনিয়র প্রিন্সিপাল অফিসার
অধ্যক্ষ, ট্রেনিং ইনস্টিটিউট
ও
সদস্য ইনোভেশন টিম

২০/৬/১৯
মো: মাহবুবুর রহমান
মহাব্যবস্থাপক
প্রশান ও অপারেশন মহা-বিভাগ
এবং
ইনোভেশন অফিসার

বিতরনঃ

- মহাব্যবস্থাপক, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সিনিয়র প্রিন্সিপাল অফিসার, শাখা নিয়ন্ত্রন উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- অধ্যক্ষ, ট্রেনিং ইন্সটিটিউট, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- সিস্টেম এনালিস্ট, কম্পিউটার উপ-বিভাগ, আনসার-ভিডিপি উন্নয়ন ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।

Head Office: 14, Outer Circular Road, Rajarbagh, Dhaka-1217.
Phone No: 48322181, 48313191, 48313147, 48313196, 9347615
www.ansarvdpbank.gov.bd E-mail:info@ansarvdpbank.gov.bd